যুগান্তর

29 APR 2017

২৭ ... ৬

# কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ইতিহাসকে অন্তর্ভুক্ত করার দাবি

**সাংস্কৃতিক রিপোর্টার**

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, 'বর্তমান প্রজন্ম ক্রমেই ইতিহাসবিমুখ হয়ে শেকড়চ্যুত হয়ে পড়ছে। বাঙালির গৌরবোজ্জ্বল অতীত তারা জানে না। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় সম্পর্কে তাদের ধারণা অতি সামান্য। মাতৃভাষা চর্চার প্রতি এদের অনীহা। অথচ এ দেশের তরুণরাই '৫২-এর ভাষা আন্দোলন, '৬২-এর শিক্ষা কমিশন আন্দোলন, '৬৯-এর গণঅভ্যুত্থান এবং '৭১ সালে সম্মুখ সমরের মধ্য দিয়ে স্বাধীন বাংলাদেশ সৃষ্টি করেছে। এ অশনিসঙ্কেত উত্তরণে সব কলেজ, পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস ও মাতৃভাষা বাংলাকে শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করতে হবে।'

শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বাংলাদেশ ইতিহাস পরিষদ আয়োজিত ৪৭তম বার্ষিক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। ইতিহাস পরিষদের সহ-সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

রাশেদ খান মেনন বলেন, 'ইতিহাস সময়ের প্রতিবিম্ব। বর্তমানকে বুঝতে হলে অতীতকে জানতে হবে। একটি জাতির উত্থান, অগ্রগতি ও বিকাশকে ধারণ করে ইতিহাস। উর্বর পলল ভূমির এ ভূখণ্ডের প্রতিটি প্রান্তে ইতিহাসের উপাদান ছড়িয়ে রয়েছে। আঞ্চলিক ও স্থানীয় গৌরবগাথার বিস্মৃত অধ্যায়গুলো ইতিহাসের পাতায় তুলে আনতে হবে, এর মধ্য দিয়ে জাতীয় ইতিহাসের ভিত দৃঢ় হবে। আর ইতিহাসের সৌন্দর্য ও সৌকর্য সবার কাছে তুলে ধরতে মাতৃভাষায় ইতিহাসের চর্চা করতে হবে।'